কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/ তারিখ: ২৬/০৪/২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

মহামান্য রাষ্ট্রপতিকে কুবি উপাচার্যের অভিনন্দন

বাংলাদেশের ২২তম রাষ্ট্রপতি হিসেবে শপথ গ্রহণ করায় মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ সাহাবুদ্দিন-কে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন। মহামান্য রাষ্ট্রপতি একই সঙ্গে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের নতুন আচার্য।

অভিনন্দন বার্তায় মাননীয় উপাচার্য বলেন, বাংলাদেশের ২২ তম রাষ্ট্রপতি হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ সাহাবুদ্দিন দায়িত্ব গ্রহণ করায় কুমিল্লা বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে মহামান্য রাষ্ট্রপতিকে জানাই সশ্রদ্ধ অভিবাদন। বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের যে চলমান অগ্রযাত্রা তা সহ দেশের সার্বিক উন্নয়নে মহামান্য রাষ্ট্রপতি পথপ্রদর্শক হিসেবে বিশেষ ভূমিকা রাখবেন বলে আমি মনে করি। তাছাড়া দেশের উচ্চশিক্ষার গুনগত মান উন্নয়নের জন্য মহামান্য রাষ্ট্রপতি আমাদের দিকনির্দেশনা প্রদানসহ সার্বিকভাবে পথপ্রদর্শক হিসেবে ভূমিকা রাখবেন বলে আশা করি। আমরা যেন উন্নত বিশ্বের সাথে সামঞ্জস্য রেখে শিক্ষার মান আরো এগিয়ে নিয়ে যেতে পারি সেই ব্যাপারেও ভূমিকা রাখবেন তিনি।

আমরা মহামান্য রাষ্ট্রপতির সুস্বাস্থ্য, সুদীর্ঘ জীবন এবং সফলতার সাথে যেন রাষ্ট্রপতির দায়িত্ব পালন করতে পারে সেই কামনা করছি।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি